রাজশাহী সিটি কর্পোরেশন
রাজশাহী
সাধারণ প্রশাসনিক শাখা
erajshahi.portal.gov.bd

# আগামী ০১ ডিসেম্বর ২০২৪ তারিখ রোজ রবিবার অপরাহ্নে ৩:০০ ঘটিকায় (সিটি হল এ্যানেক্স ভবন) অনুষ্ঠিত গঠিত কমিটির ৩য় সভার কার্যপত্র

(১) গত ১০.১১.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ২য় সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ পাঠ ও দৃঢ়ীকরণ।

ক) সংশোধনীসহ গত ০৬.১০.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ২য় সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ পাঠান্তে দৃঢ়ীকরণ প্রস্তাব অনুমোদন।

খ) সংশোধনীসহ গত ২৯.১০.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি সভার গৃহিত সুপারিশসমূহ প্রস্তাব অনুমোদন।

গ) সংশোধনীসহ গত ২৩.১০.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত নগর অবকাঠামো নির্মান ও সংরক্ষণ স্থায়ী কমিটির গৃহীত সুপারিশসমূহ গৃহীত প্রস্তাব অনুমোদন।

ঘ) দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলরগণের মধ্যে কেউ যদি নাগরিক সুবিধা সংক্রান্ত সনদপত্রে স্বাক্ষর করতে দ্বিমত পোষণ করেন সেক্ষেত্রে উক্ত ওয়ার্ডের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ওয়ার্ড সচিব উক্ত সনদপত্রসমূহ স্বাক্ষরের জন্য মাননীয় প্রশাসকের নিকট উপস্থাপন করার গৃহীত প্রস্তাব অনুমোদন।

ঙ) অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ওয়ার্ড সচিবদের প্রস্তাবের আলোকে ওয়ার্ড কার্যালয়ে কর্মরত দৈনিক মজুরি ভিত্তিক কর্মচারীদের শুক্রবারে মজুরি প্রদানের বিষয়ে প্রস্তাবনা প্রস্তুতকরণের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠনের গৃহীত প্রস্তাব অনুমোদন।

| | |
|---|---|
| (১) উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। | আহবায়ক |
| (২) প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন। | সদস্য |
| (৩) বাজেট কাম-হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন। | সদস্য |
| (৪) সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন। | সদস্য সচিব |

বাস্তবায়নে : সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন।

চ) রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন "সিটি সেন্টার" মার্কেটের ২য় ফ্লোরে অবস্থিত দোকান/স্পেস বরাদ্দ মূল্য, বরাদ্দ মূল্যের ১০% আয়কর ও ১৫% মূল্য সংযোজন কর বাবদ অর্থ জমাকরণের জন্য বিভিন্ন মাধ্যম ব্যবহারপূর্বক পুনরায় নোটিশ প্রদানের গৃহীত প্রস্তাব অনুমোদন।

ছ) নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির সভায় উপস্থাপনের গৃহীত প্রস্তাব অনুমোদন।

জ) ০৫/২৩-২৪ নম্বর এলএ-কেসভূক্ত "সিটি কবরস্থান এবং ঈদগাহ মাঠ" নির্মানার্থে ৪.৬১৩১ একর ভূমি অধিগ্রহণের প্রস্তাবিত প্রকল্প বাতিলকরণের গৃহীত প্রস্তাব অনুমোদন।

ঝ) রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক খেলার মাঠটি রক্ষণাবেক্ষনসহ দখলে নেয়ার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করার গৃহীত প্রস্তাব অনুমোদন।

ঙ) রাজশাহী সিটি কর্পোরেশন এর নিজস্ব অর্থায়নে জাহানারা জামান স্মৃতি ফাউন্ডেশন খেলার মাঠ সম্প্রসারণে নালিশি ১.৯৫৬ একর জমির ক্রয় কার্যক্রম চলমানপূর্বক খেলার মাঠের নামকরণ বাতিলপূর্বক এলাকার নামে নামকরণের গৃহীত প্রস্তাব অনুমোদন।

ঞ) ব্যক্তিমালিকানাধীন নালিশী ১.৯৫৬ একর জমির সামাজিকভাবে ক্রয়ের ব্যবস্থা গ্রহণের উদ্যোগ গ্রহণ করতে হবে এবং উক্ত উদ্যোগ ব্যর্থ হলে আইনী প্রক্রিয়ায় ক্রয় কার্যক্রম গ্রহণের গৃহীত প্রস্তাব অনুমোদন।

ট) খেলার মাঠের ব্যক্তিমালিকানাধীন নালিশী ১.৯৫৬ একর জমি ছাড়া অবশিষ্ট ভূমি ১ নম্বর খাস খতিয়ানে অন্তর্ভূক্তকরণের জন্য জেলা প্রশাসককে পত্র দেয়ার গৃহীত প্রস্তাব অনুমোদন।

ঠ) ৪ নম্বর এর গঠিত কমিটির মাধ্যমে আলোচনাপূর্বক অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভায় উপস্থাপনের গৃহীত প্রস্তাব অনুমোদন।

ড) রাজশাহী সিটি কর্পোরেশন মার্কেট উপ-আইন, ২০১৪ এবং রাজশাহী সিটি কর্পোরেশন ইমারত নির্মাণ ও পুন:নির্মাণ ফি উপ-আইন, ২০২২ বিষয়ে নোটিশ করার সময় উক্ত উপ-আইন,২০২২ এর ধারা উল্লেখপূর্বক নোটিশ করার গৃহীত প্রস্তাব অনুমোদন।

ঢ) দাপ্তরিক কাজের স্বার্থে মালামালগুলি জরুরী ক্রয় করা প্রয়োজনীয়তা দেখা দেয়ায় সংক্রান্ত বিধিবিধান প্রতিপালনপূর্বক উপরে উল্লিখিত মালামাল ক্রয়ের গৃহীত প্রস্তাব অনুমোদন।

ণ) প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা সমন্বয়ে কুকুর নিয়ন্ত্রণের জন্য ভ্যাকসিনেশন এর ব্যবস্থার বিষয়ে গৃহীত প্রস্তাব অনুমোদন।

ত) উন্নয়ন সহায়ক তহবিলের আওতায় ২০১৬-১৭ হতে ২০২৩-২৪ অর্থ বছরের বকেয়া ঠিকাদারী বিল প্রদান গৃহীত প্রস্তাব অনুমোদন।

থ) বিগত বছর সমূহের (২০১৬-১৭ হতে ২০২৩-২৪) মোট বকেয়া বিল ৪,১৬,১৭,৭৪৩.০০ (চার কোটি ষোল লক্ষ সতের হাজার সাতশত তেতাল্লিশ টাকা) মাত্র সিটি কর্পোরেশনের আর্থিক সংগতি সাপেক্ষে উন্নয়ন সহায়ক তহবিল/নিজস্ব তহবিল হতে বকেয়া বিল প্রদানের গৃহীত প্রস্তাব অনুমোদন।

দ) "রাজশাহী ওয়াসার ভূ-উপরিস্থিত পানি শোধনগার" শীর্ষক প্রকল্পের আওতায় ডিস্ট্রিবিউশন পাইপ লাইন স্থাপনের জন্য রাজশাহী সিটি কর্পোরেশনের রাস্তা ব্যবহারের অনুমতির বিষয়ে গত ০৬.১১.২০২৪ খ্রি. তারিখের ১২০৪ নম্বর স্মারকে রাজশাহী সিটি কর্পোরেশনকে পত্র দেয়ার প্রেক্ষিতে উক্ত কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টির বিষয়টি সর্বোচ্চ সর্তকতার সাথে বিবেচনায় নেয়ার গৃহীত প্রস্তাব অনুমোদন।

ধ) পরিবেশ অধিদপ্তর কর্তৃক শব্দের মাত্রা পরিমাপক এলইডি স্কিন রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় স্থাপন করা হবে। তা লক্ষীপুর মোড়ে স্থাপনের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত)কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের গৃহীত প্রস্তাব অনুমোদন।

ন) রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় বিভিন্ন সংস্থার/প্রতিষ্ঠানের ব্যানার, পোস্টার, ফেস্টুন শহরের সৌন্দর্য্য নষ্ট করায় তা উচ্ছেদের জন্য অত্র কর্পোরেশনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও প্রধান রাজস্ব কর্মকর্তা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে গৃহীত প্রস্তাব অনুমোদন।

প) রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় ফুটপাতের উপরে ড্রেনের ঢাকনা/স্ল্যাব কে বা কাহারা চুরি হওয়ায় সাধারণ মানুষের ফুটপাতের উপর দিয়ে চলাচলের জন্য ঝুঁকির সম্মুখিন হচ্ছে। এ বিষয়ে ওয়ার্ড সচিবসহ সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীদের প্রয়োজনীয় তদারকি করার গৃহীত প্রস্তাব অনুমোদন।

ফ) রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় মশা নিয়ন্ত্রণে লারভী সাইড নিধণ কার্যক্রমসহ ড্রেনের পানির প্রবাহ সচল রাখার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা ও ওয়ার্ড সচিবগণ দায়িত্ব পালনের গৃহীত প্রস্তাব অনুমোদন।

ব) রাজশাহী সিটি কর্পোরেশন এর ৩০ (ত্রিশ) টি ওয়ার্ড কার্যালয়ের দাপ্তরিক কাজের স্বার্থে ইন্টারনেট বিল ওয়ার্ড প্রতি ১,০০০.০০ (এক হাজার) টাকা বরাদ্দের বিষয়ে গৃহীত প্রস্তাব অনুমোদন।

ভ) কিশোর ফুটবল একাডেমীকে প্রশিক্ষণ কেন্দ্র পরিচালনার জন্য মাসিক ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা বরাদ্দের বিষয়ে গৃহীত প্রস্তাব অনুমোদন।

২। অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি ঃ

(ক) ২৮-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। [ ১। জুলাই-২০২৪ হতে অক্টোবর-২০২৪ পর্যন্ত আয়-ব্যয়ের গৃহীত প্রস্তাব অনুমোদন, ২। সরকার গঠিত ২য় সাধারন সভার গঠিত কমিটির মাধ্যমে আগামীতে কোন বিভাগ/ শাখার দৈনিক মজুরিভিত্তিক জনবল মাসে কত দিন কাজ করবে সে বিষয়ে সুপারিশ করবে। অতঃপর সাধারণ সভায় আলোচনা সাপেক্ষে তা বাস্তবায়নের গৃহীত প্রস্তাব অনুমোদন, ৩। রাজশাহী সিটি কর্পোরেশনের সচিবালয়ের ন্যয় নিরাপত্তা প্রাচির নির্মাণ করার প্রাক্কলন প্রস্তুত করে আগামী জানুয়ারি-২০২৫ মধ্যে প্রতিবেদন অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিতে পেশ করার জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে নির্দেশনা প্রদানের গৃহীত প্রস্তাব অনুমোদন, ৪। রাজশাহী সিটি কর্পোরেশনের ভবনের সহিত আলাদা করে অগ্রণী ব্যাংক লিঃ, মিডল্যান্ড ব্যাংক লিঃ ও গ্রীন প্লাজার জন্য পৃথক মিটার সহ বৈদ্যুতিক সংযোগ প্রদানের ব্যবস্থা করা জন্য নির্বাহী প্রকৌশলীর বিদ্যুৎ কে নির্দেশনা প্রদানের গৃহীত প্রস্তাব অনুমোদন, ৫। স্থানীয় সরকার বিভাগের পত্রের আলোকে রাজশাহী সিটি কর্পোরেশনের সকল বিভাগে দাখিলকৃত বিলের বিপরীতে সরবরাহকারীর ব্যাংক হিসাব অন্তর্ভুক্ত করনের প্রস্তাব অনুমোদন, ৬। যে সমস্ত ব্যবসায়িক সিগারেট জাতীয় পন্য বিক্রয়/বিপনন করবেন তাদের ক্ষেত্রে পৃথক লাইসেন্স না দিয়ে সর্বনিম্ন ৫০ টাকা ও সর্বোচ্চ ১০% ফি অতিরিক্ত ফি যুক্ত করে রাজস্ব আয় বৃদ্ধির গৃহীত প্রস্তাব অনুমোদন, ৭। উন্নয়ন তহবিলের/ নিজস্ব তহবিলের আর্থিক সচ্ছলতা সাপেক্ষে প্রকৌশল বিভাগের মাধ্যমে **রাজশাহী প্রেসক্লাবের** সংস্কারের প্রস্তাবের গৃহীত প্রস্তাব অনুমোদন, ৮। রাজশাহী সমগ্র (রাজশাহীর সামগ্রিক ইতিহাস) গ্রন্থের (আনুমানিক ২০০০ পৃষ্ঠা) প্রকাশনা বাবদ সম্ভাব্য ব্যয় (৫০০ কপি) ১৪,৫০,০০০/- টাকা অনুমোদনের

গৃহীত প্রস্তাব অনুমোদন, ৯। পঞ্চবার্ষিকী এ্যাসেসমেন্ট ২০২৪-২০২৫ বেসরকারি হোল্ডিং বাস্তবায়ন আগামী পহেলা জুলাই ২০২৫ হতে সিদ্ধান্ত গৃহীত প্রস্তাব অনুমোদন, ১০। বেসরকারি হোল্ডিং এর ভাড়া নির্ধারনের ক্ষেত্রে পূর্বের রেট অর্থাৎ পাকা আবাসিক ১.২০ টাকা, আধা-পাকা আবাসিক ০.৬০ টাকা, পাকা বানিজ্যিক ৩.০০ টাকা, আধা-পাকা বানিজ্যিক ১.২০ টাকা হারে নির্ধারন করলে বাৎসরিক বেসরকারি হোল্ডিং কর নির্ধারনের গৃহীত প্রস্তাব অনুমোদন, ১১। বেসরকারি হোল্ডিং পঞ্চবার্ষিক কর এর হোল্ডিং মালিককে আগামী ১লা জুলাই হতে অবহিত করনের জন্য পত্র প্রেরণের গৃহীত প্রস্তাব অনুমোদন, ১২। রাজশাহী সিটি নার্সিং কলেজের বাৎসরিক পরিচালনা বাবদ (বেতনভাতা ও আনুষঙ্গিক) ২ কোটি টাকা বরাদ্দের গৃহীত প্রস্তাব অনুমোদন, ১৩। বরাদ্দকৃত অর্থ আয়-ব্যয়ের হিসাব নতুনভাবে গঠিত পরিচালনা কমিটির নিকট তৈরি মাসিক হিসাব কলেজের অধ্যক্ষ যথা নিয়মে প্রদানের গৃহীত প্রস্তাব অনুমোদন, ১৪। রাজশাহী সিটি কর্পোরেশনের আলাদা উইং হিসাবে সরকারের অডিট কমিটির নিকট আয়-ব্যয় হিসাব পেশ করবেন। পরবর্তী বেতনভাতাদি প্রদানের পূর্বে সিটি নার্সিং কলেজের শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের বেতনভাতার বিস্তারিত হিসাব সহ প্রকৃত প্রতিবেদন অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভায় পেশের গৃহীত প্রস্তাব অনুমোদন, ১৫। প্রশাসক রাজশাহী সিটি কর্পোরেশন হিসাবে বিল প্রেরণের সময় টি আর ফর্মে ব্যাংক হিসাব উল্লেখ করে বিল সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠানে দাখিল বিষয়ে গৃহীত প্রস্তাব অনুমোদন, ১৬। ১. ইভেন্ট ম্যানেজমেন্ট ও টুরিজম শাখা, ২. আর্ন্তজাতিক সম্পর্ক শাখা, ৩. কমিউনিটি ডেভেলপমেন্ট শাখা, ৪. প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিক শাখা, ৫. সামাজিক বিরোধ নিস্পত্তি শাখা, ৬. ধর্ম বিষয়ক শাখা, ৭. এনফোর্সমেন্ট এন্ড মনিটরিং শাখা, ৮. দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান শাখা, ৯. আইসিটি শাখা, ১০. সিটি মিউজিয়াম ও আর্কাইভ শাখা, ১১. জরুরী রক্ষনাবেক্ষণ শাখা, ১২. অটিজম ও বিশেষ চাহিদা সম্পূর্ন জনগোষ্ঠি সহায়তা শাখ, ১৩. অন্যান্য পার্ক ও বিনোদন কেন্দ্র, ১৪. শিক্ষা ও আইসিটি শাখা, ১৫. আইন ও বিচার বিভাগ, ও ১৬. নারী ও শিশু কল্যাণ শাখা। উল্লেখিত শাখা/বিভাগ বিলুপ্ত শাখা হিসাবে বিবেচিত করার গৃহীত প্রস্তাব অনুমোদন, ১৭। উল্লেখিত শাখা/ বিভাগ হতে ১৪২ জন অপ্রয়োজনীয় হওয়ায় তাদেরকে দৈনিক মজুরিভিত্তিক কর্মচারী অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া উল্লেখিত শাখা/ বিভাগ হতে দক্ষ ৩৭ জন দাপ্তরিক কাজে অপরিহার্য হওয়ায় বিভিন্ন শাখা/বিভাগে আগামী ৩০ জুন পর্যন্ত সংযুক্ত করা গৃহীত প্রস্তাব অনুমোদন ও ১৮। উল্লেখিত জনবল ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত বাজেট ও প্রস্তাবিত বাজেটে অর্ন্তভূক্ত করণের গৃহীত প্রস্তাব অনুমোদন]

৩। বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি ঃ

(ক) ২৩-০৫-২০২৪ তারিখে অনুষ্ঠিত মূলতবি সভা ২৬-০৫-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। [ ১) মশা নিয়ন্ত্রণে ২০০০ লিটার লারভি সাইড কীটনাশক ওষধ ক্রয়ে করতে ৯১,৬০,০০০/- (একানব্বই লক্ষ ষাট হাজার) টাকা ব্যয় অনুমোদন। ২) মশা নিয়ন্ত্রণে ২০০০ লিটার এ্যাডাল্টি সাইড কীটনাশক ক্রয়ে ৬১,৬০,০০০/- (একষট্টি লক্ষ ষাট হাজার) টাকা ব্যয় অনুমোদন]

(খ) ১৯-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। [ ১। Excavatro মেশিন দ্বারা রাজশাহী মহানগরীর প্রধান প্রধান নর্দমার কাদামাটি পরিষ্কার করতে জ্বালানী ৬০৫১০ (ষাট হাজার পাচশত দশ) লিটার ক্রয়ে ৬৬,০৮,৯০২.০০ (ছিষট্টি লক্ষ আট হাজার নয়শত দুই) টাকা ব্যয় অনুমোদন, ২। শ্রমিক নিয়োজিত কওে রাজশাহী মহানগরীর প্রধান প্রধান নর্দমার কাদামাটি পরিষ্কার করতে ১০০জন শ্রমিক ০৩ (তিন) মাসের জন্য ৫৪,০০,০০০/- (চুয়ান্ন লক্ষ) টাকা ব্যয় অনুমোদন,

(৪) নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

(ক) ০৬-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। [ ১। পুরাতন আরডিএ ভবনের পেছনে রাস্তা সংলগ্ন সীমানা প্রাচীর নির্মানের স্কীম স্থগিত রাখার গৃহীত প্রস্তাব অনুমোদন, ২। ১৯ নং ওয়ার্ড, মদিনানগর মসজিদের পাশে গোরস্থানের ভূমি অধিগ্রহনে বাতিলের সিদ্ধান্ত সংশ্লিষ্টদের পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করার গৃহীত প্রস্তাব অনুমোদন, ৩। নওদাপাড়া বাস টার্মিনালের পিছনের জায়গায় ভূমি অধিগ্রহন খাতে বাজেট না থাকায় আপাতত ভূমি অধিগ্রহন বাতিলের গৃহীত প্রস্তাব অনুমোদন, ৪। "শহীদ এ.এইচ.এম. কামারুজ্জামান এঁর সমাধিসৌধ নির্মাণ" শীর্ষক প্রকল্প স্থগিত রাখা হবে কিনা সে বিষয়ে সিদ্ধান্তের জন্য মন্ত্রনালয়ে পত্র প্রেরণের গৃহীত প্রস্তাব অনুমোদন, ৫। IRG Development Services Limited এর ফিজিবিলিটি স্ট্যাডি এর বিল প্রদান করার বিষয়ে একটি প্রতিবেদন তৈরি করে আগামী অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিতে উপস্থাপনের গৃহীত প্রস্তাব অনুমোদন, ৬। আলিফ লাম মীম ভাটা মোড় থেকে কাশিয়াডাঙ্গা মোড় পর্যন্ত রাস্তার জন্য প্রাপ্ত ফিজিবিলিটি স্ট্যাডি গ্রহন এবং ডিপিপি প্রস্তুত করে সংশ্লিষ্ট মন্ত্রনালয়ে প্রেরণ করার গৃহীত প্রস্তাব অনুমোদন, ৭। কোভিড-১৯ প্রকল্পে অন্তভূর্ক্ত স্কীম সমূহের অনুমোদন করার বিষয়ে গৃহীত প্রস্তাব অনুমোদন, ৮। রাজশাহী মহানগরীর

অভ্যন্তরে ড্রেনেজ মাষ্টার প্ল্যানের উদ্যোগ গ্রহন করে Consultant নিয়োগ প্রসঙ্গে গৃহীত প্রস্তাব অনুমোদন, ৯। নগর ভবন সহ সিটি কর্পোরেশনের নিজস্ব স্থাপনা সমূহের প্রস্তুতকৃত নক্সা অনুমোদনের জন্য রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষকে প্রেরণের সুপারিশ প্রেরণের গৃহীত প্রস্তাব অনুমোদন, ১০। পানি উন্নয়ন বোর্ড এর উন্নয়ন/সংস্কারের অনাপত্তি পত্র (NOC) চেয়ে রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক পত্র প্রেরণের বিষয়ে গৃহীত প্রস্তাব অনুমোদন, ১১। রাজশাহী মহানগরীর প্রাকৃতিক জলাশয় সংরক্ষন শীর্ষক প্রকল্পের অগ্রগতি প্রসঙ্গে পুনরায় স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরনের বিষয়ে গৃহীত প্রস্তাব অনুমোদন, ১২। কোর্ট ষ্টেশন বাজার Walton পয়েন্টের জায়গা সম্মত্তি শাখার কর্মকর্তাকে অধিগ্রহনকৃত বাকী অর্ধেক অংশের টাকা প্রদান করা হয়েছে কিনা মর্মে দায়িত্ব প্রদানের বিষয়ে গৃহীত প্রস্তাব অনুমোদন]

৫। পানি ও বিদ্যুৎ স্থায়ী কমিটি ঃ

(ক) ০৫-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। [ ১। মহানগরীর প্রধান প্রধান সড়ক সমূহে নাগরিক আলোকায়ন সেবা অক্ষুন্ন রেখে বিদ্যুৎ সাশ্রয়ের নিমিত্ত যৌক্তিক পর্যায়ে বাতি প্রজ্জ্বলনের জন্য One after one system এর আওতায় আনা এবং সড়ক বাতিগুলির লাইট টাইম অক্ষুন্ন রাখার নিমিত্ত প্রতি মাসে Odd/Even পদ্ধতীতে পরিবর্তনের মাধ্যমে সড়ক বাতি প্রজ্জ্বলিত রাখার বিষয়ে গৃহীত প্রস্তাব অনুমোদন, ২। নেসকো লিমিটেড রাজশাহীর প্রতি মাসে বিদ্যুৎ বিল নিয়মিতভাবে পরিশোধসহ বকেয়া বিদ্যুৎ বিল পর্যায়ক্রমে পরিশোধের বিষয়ে গৃহীত প্রস্তাব অনুমোদন। ৩। সড়ক বাতির লাইন হতে অবৈধ বৈদ্যুতিক লাইন বিচ্ছিন্ন করনে তদারকি জোরদার করণ এবং প্রয়োজনে অবৈধ লাইন বিচ্ছিন্ন করণে কর্পোরেশনের ম্যাজিস্ট্রেট মহোদয়ের সহযোগিতার বিষয়ে গৃহীত প্রস্তাব অনুমোদন, ৪। নাগরিক আলোকায়ন সেবা নিরবিচ্ছিন্ন রাাখা এবং বিদ্যুৎ বিল পরিশোধের লক্ষ্যে সিটি এরিয়ার ভেতরে সড়কবাতির ০৭ (সাত) টি মিটার কর্পোরেশনের নামে লিপিবদ্ধ করণ উক্ত মিটারগুলির বিপরীতে সড়ক বাতির বিদ্যুৎ বিল পরিশোধ এবং সড়ক বাতি ও আনুষঙ্গিক মালামাল সমূহ রক্ষণাবেক্ষণ গৃহীত প্রস্তাব অনুমোদন,

৬। বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ স্থায়ী কমিটি ঃ

(ক) ২৭-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। [ ১। বাজার দর পরিস্থিতি ও বাজার দর মনিটরিং এর বিষয়ে ০৬ টি প্রস্তাব অনুমোদন।

৭। রাজস্ব বিভাগের অধিন (ক) শাপলা সুপার মার্কেট, (খ) সাহেব বাজারস্থ বৈশাখী বাজারের ২য় ফ্লোরে ০১ (এক)টি ৫ম ও ৬ষ্ঠ ফ্লোরে (ওপেন স্পেসে) বরাদ্দ, (গ) সিটি সেন্টার মার্কেটের সমস্যা নিরসন, (ঘ) বহরমপুর রেল গেটে অবস্থিত সিমলা সুপার মার্কেটের ২য় ও ৩য় তলা (ওপেনস্পেস) বরাদ্দ ও বিভিন্ন সমস্যা, (ঙ) হড়গ্রাম সুপার মার্কেটের ৩য় তলার ২০১৫ সালে বরাদ্দকৃত ০৮ (আট) টি দোকানের ভাড়া সংক্রান্ত বিষয়, (চ) বিনোদপুর বাজারের ২য় ও ৩য় তলার বরাদ্দের বিষয়ে, স্বপ্নচুড়া প্লাজার সমস্যা বিষয়ে আলোচনা, (ছ) ছোটবনগ্রাম বিজিবি মার্কেটের বরাদ্দ ও সমস্যা বিষয়ে আলেচনা ও তেরখাদিয়া কাঁচাবাজারের বরাদ্দ ও সমস্যা সংক্রান্ত আলোচনা ও সুপারিশ গ্রহণ।

৮। বে-সরকারী হোল্ডিং সমূহের ভাড়ার রেইট নির্ধারণের লক্ষ্যে ২১ অক্টোবর ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

(১২) বিবিধ।